গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নির্বাহী প্রকৌশলী, নওগাঁ পওর বিভাগ

এবং

তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রাজশাহী পওর সার্কেল-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২১ - জুন ৩০, ২০২২

**সূচিপত্র**

জেলা / সার্কেল অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: জেলা / সার্কেল অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: জেলা / সার্কেল অফিসের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কর্মসম্পাদনের ক্ষেত্র, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১১

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ........ ১২

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ........ ১৩

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ........ ১৫

## জেলা / সার্কেল অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the District/Circle Office)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

বন্যার ক্ষয়ক্ষতি হতে দেশের জনসাধারণের জানমাল রক্ষা ও খাদ্য উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে পানি সম্পদ মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের আওতাধীন নওগাঁ পওর বিভাগ, বাপাউবো, নওগাঁ বন্যা নিয়ন্ত্রণ, নদী ভাঙ্গনরোধ, নদী ড্রেজিং, সেচ ব্যবস্থাপনা উন্নয়ন, জলাবদ্ধতা দূরীকরণ ও ভূমি পুনঃরুদ্ধারের কাজ করছে। গত ৩ (তিন) অর্থ বছরে নওগাঁ পওর বিভাগ, বাপাউবো, নওগাঁ'র আওতায় ২টি উন্নয়ন প্রকল্পের অধীন ১.৩১৩ কিঃমিঃ নদী তীর প্রতিরক্ষামূলক কাজ , ২০.৩৬৬ কিঃমিঃ খাল পুনঃখনন কাজ, ১০.০০ কিঃমিঃ বাঁধ পুনরাকৃতিকরন কাজ , সেচ সুবিধার জন্য বিভিন্ন লোকেশনে ১০টি ইনলেট নির্মান কাজ , হাপানিয়া নামক স্থানে ১টি ১৪-ভেন্ট রেগুলেটর নির্মাণ কাজ , ৮০০ মিটার এ্যপ্রোচ বাঁধের স্লোপ প্রতিরক্ষা কাজ, ৩.৫১ হেক্টর জমি অধিগ্রহণ এবং ২৯৪০ টি গাছ বনায়ন করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

নওগাঁ পওর বিভাগ, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, নওগাঁর অধিক্ষেত্রের অবস্থান তুলশীগঙ্গা ও ছোট যমুনা নদীর অববাহিকায় এবং জেলার মাঝদিয়ে প্রবাহিত আত্রাই নদী দেশের উত্তর দিক হতে আগত অধিকাংশ নদীর মিলিত ধারা একত্রে প্রবাহিত হয়ে হুরাসাগরের মাধ্যমে যমুনা নদীতে পতিত হয়েছে, যার উত্তর-পশ্চিমভাগে বরেন্দ্রভূমি, মধ্যভাগে চলনবিলসহ অন্যান্য বিলের অবস্থান। অধিক্ষেত্রের ভূ-প্রাকৃতিক অবস্থান, জলবায়ু পরিবর্তন, বরেন্দ্রভূমির ঢল ও প্রাকৃতিক দূর্যোগের কারণে ভৌত কাজ টেকসই করা কঠিন। শুষ্ক মৌসুমে উজানে পানি প্রবাহ বাধাগ্রস্থ হওয়ায় উত্তর-পশ্চিমভাগে পানির স্তর ক্রমাবনতি ও মরু প্রক্রিয়া আগত হওয়ায় সেচ সংকট বৃদ্ধি পায়। প্রকৃতিগতভাবে বাংলাদেশের নদীতে পলি জমার কারণে নদীর তলদেশ ভরাট হয়ে নদীর পানি ধারণ ক্ষমতা হ্রাস পায়। ফলে বর্ষা মৌসুমে উজান থেকে অতিরিক্ত পানি প্রবাহের কারণে নদী তীরে ভাঙ্গন এবং তীরবর্তী এলাকায় বন্যা দেখা দেয়। অন্যান্য সেক্টরে সারা বছর কাজ করার সুযোগ থাকলে পানি সম্পদ সেক্টরে অক্টোবর মাসে বন্যার পানি কমার পর হতে শুরু করে নভেম্বর-এপ্রিল অর্থাৎ অর্থ-বছরের মাত্র ৬ (ছয়) মাস সর্বোচ্চ পাওয়া যায় কাজ সম্পাদনের জন্য। এই অতি সীমিত সময়কালের মধ্যে প্রাকৃতিক দূর্যোগ বা স্থানীয় অনাকাঙ্ক্ষিত সামাজিক সমস্যা বিবিধ সমস্যার প্রশাসনিকভাবে উত্তরণ করে সর্বোৎকৃষ্ট গুনগতমান সম্পন্ন টেকসই ভৌতকাজ বাস্তবায়ন এ সেক্টরের প্রধান চ্যালেঞ্জ।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

গত এক দশকে উন্নয়নের ধারাবাহিকতায় ঈর্ষনীয় সাফল্য বাংলাদেশকে আরো বেশি উন্নত লক্ষ্য নির্ধারণের জন্য অনুপ্রাণিত করেছে। সরকারের ভিশন-২০২১ এর বাস্তবায়ন অভিযাত্রায় ইতোমধ্যে বাংলাদেশ স্বল্পোন্নত দেশের স্ট্যাটাস হতে উন্নয়নশীল দেশে উত্তোরণের যোগ্যতা অর্জন করেছে এবং ২০২৩ সাল নাগাদ উন্নয়নশীল দেশে উন্নীত হবে। সরকারের রূপকল্প-২০৪১ এর বাস্তবায়নের মাধ্যমে ২০৩০ সালের মধ্যে উচ্চ মধ্যম আয়ের দেশ এবং ২০৪১ সাল নাগাদ একটি সমৃদ্ধ দেশের মর্যাদা অর্জন করার রোডম্যাপ সরকার গ্রহণ করেছে। এছাড়াও অত্র দপ্তরের অধীন এডিপি ভুক্ত প্রকল্প "নওগাঁ জেলার ধামুইরহাট, পত্নীতলা ও মহাদেবপুর উপজেলাধীন ৩টি প্রকল্পের পুনর্বাসন এবং আত্রাই নদীর ড্রেজিংসহ তীর সংরক্ষণ প্রকল্প" এর মাধ্যমে নদী তীর সংরক্ষণ কাজ, বাঁধ পুনরাকৃতিকরণ কাজ, রেগুলেটর মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ, খাল পুনঃখনন কাজ, নদী ড্রেজিং কাজ এবং বাঁধে বনায়ন বাস্তবায়ন করা হবে। এছাড়া নওগাঁ পওর বিভাগ, বাপাউবো, নওগাঁ'র আওতায় ৪টি ডিপিপি দাখিল করা হয়েছে যেগুলো অনুমোদিত হলে নদী তীর সংরক্ষণ কাজ, বাঁধ পুনরাকৃতিকরণ কাজ, রেগুলেটর মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ, খাল পুনঃখনন কাজ, নদী ড্রেজিং কাজ এবং বাঁধে বনায়ন কাজ বাস্তবায়িত হবে।

**২০২১-২২ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- নদী ড্রেজারের মাধ্যমে ৩ কিঃ মিঃ দৈর্ঘ্যে পুনঃখনন কাজ এবং ০.৫ কিঃ মিঃ দৈর্ঘ্যে নদী তীর সংরক্ষণ কাজ বাস্তবায়ন করা হবে।

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

নির্বাহী প্রকৌশলী, নওগাঁ পওর বিভাগ

এবং

তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রাজশাহী পওর সার্কেল-এর মধ্যে ২০২১ সালের জুন মাসের ১৪ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## জেলা / সার্কেল অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

জনগণের জীবনমান উন্নয়নে পানি সম্পদের টেকসই নিরাপত্তা।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

ক্রমাগত জলবায়ু পরিবর্তনের সঙ্গে সামঞ্জস্য রেখে পানি সম্পদের সুষম ও সমন্বিত পানি ব্যবস্থাপনার মাধ্যমে জনগনের পানির চাহিদা পূরণ এবং টেকসই উন্নয়ন নিশ্চিতকরণ।

### ১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

#### ১.৩.১ জেলা / সার্কেল অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র

১. নদীর নাব্যতা বৃদ্ধি, বন্যা নিয়ন্ত্রণ ও নদী ভাঙ্গন প্রতিরোধ ব্যবস্থা জোরদারকরণ।

#### ১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

### ১.৪ কার্যাবলি (Functions)

১. সেচ, বন্যা নিয়ন্ত্রণ, জলাবদ্ধতা দূরীকরণ, নিষ্কাশন ব্যবস্থার উন্নয়ন, নদী ভাঙ্গনরোধ প্রতিরোধের ক্ষেত্রে সাধারণ নীতি প্রণয়ন ও কারিগরি সহায়তা সংক্রান্ত কার্যক্রম

২. বন্যা পূর্বাভাস এবং সতর্কীকরণ, বন্যা নিয়ন্ত্রণ স্থাপনা, বন্যার কারণ এবং বন্যার কারণে সৃষ্ট ক্ষয়ক্ষতি নিরূপণ সম্পর্কিত কার্যক্রম

৩. নদীর অববাহিকা নিয়ন্ত্রণ ও উন্নয়ন এবং বন্যা নিয়ন্ত্রণ স্থাপনাসমূহ সম্পর্কে মৌলিক ও প্রায়োগিত গবেষণা এবং হাইড্রোলজিক্যাল জরিপ ও উপাত্ত সংগ্রহ সংক্রান্ত কার্যক্রম

৪. খাল খনন ও রক্ষণাবেক্ষণ এবং খাল খনন কর্মসূচীর আওতায় খালের উপর পানি নিয়ন্ত্রণ অবকাঠামো নির্মাণ এবং রক্ষণাবেক্ষণ

৫. ভূমি সংরক্ষণ ও পুনরুদ্ধার, পানি নিষ্কাশন এবং জলাবদ্ধতা দূরীকরণ বিষয়ক কার্যাবলি

৬. পানি সংরক্ষণ জলাধার নির্মাণ, বাঁধ ও ব্যারেজ নির্মাণ বিষয়ক কার্যাবলি এবং

৭. নদী সমূহের পানি ধারণ ক্ষমতা বৃদ্ধি, ভাঙ্গনরোধের লক্ষ্যে নদী ড্রেজিং।

## সেকশন ২
## বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০১৯-২০ | প্রকৃত অর্জন* ২০২০-২১ | লক্ষ্যমাত্রা ২০২১-২২ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২২-২০২৩ | ২০২৩-২০২৪ | | |
| বন্যা ঝুঁকি হ্রাস | ১১০ লক্ষ হেক্টর বন্যা মুক্ত ও পানি নিষ্কাশন এলাকার কভারেজ (অত্র বিভাগে ৩.৩৭ লক্ষ হেক্টর) | শতাংশ | ৫৯.০৫ | ৫৯.৯০ | ৬০.২৫ | ৬০.৫৫ | ৬১.০৫ | দূর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় স্থানীয় সরকার বিভাগ | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের বার্ষিক প্রতিবেদন |
| সেচ এলাকা এবং শস্য নিবিরতা বৃদ্ধি | ১৬.৩৫ লক্ষ হেক্টর সেচ এলাকা এবং শস্য নিভিড়তার কভারেজ (অত্র বিভাগে ৩.২০ লক্ষ হেক্টর) | শতাংশ | ৬০.৮০ | ৬০.৯৭ | ৬১.২৮ | ৬১.৭৮ | ৬২.২৮ | কৃষি মন্ত্রণালয় ও স্থানীয় সরকার বিভাগ | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের বার্ষিক প্রতিবেদন |

*সাময়িক (provisional) তথ্য

## সেকশন ৩

## কর্মসম্পাদনের ক্ষেত্র, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৯-২০ | প্রকৃত অর্জন* ২০২০-২১ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২১-২২ | | | | | প্রক্ষেপণ ২০২২-২০২৩ | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] নদীর নাব্যতা বৃদ্ধি, বন্যা নিয়ন্ত্রণ ও নদী ভাঙ্গন প্রতিরোধ ব্যবস্থা জোরদারকরণ। | ৭০ | [১.১] নদী তীরে ভাঙ্গন প্রতিরোধ | [১.১.১] নদী তীর সংরক্ষণ | ক্রমপুঞ্জিভূত | কিঃ মিঃ | ৪০ | | | ০.৫০০ | ০.৪৫০ | ০.৪০০ | ০.৩৫০ | ০.৩০০ | | |
| | | [১.২] নদ-নদীর নাব্যতা বৃদ্ধি, তীরবর্তী জনপদে বন্যার প্রকোপ হ্রাস এবং নদীতে জাগ্রত ডুবোচর অপসারণ নদী তীরে ভাঙ্গন ঝুঁকি হ্রাস কল্পে নদী ড্রেজিং/পুনঃখনন | [১.২.১] ড্রেজারের মাধ্যমে নদী পুনঃখনন | ক্রমপুঞ্জিভূত | কিঃ মিঃ | ৩০ | | | ৩.০০০ | ২.৭০০ | ২.৪০০ | ২.১০০ | ১.৮০০ | | |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৯-২০ | প্রকৃত অর্জন* ২০২০-২১ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২১-২২ | | | | | প্রক্ষেপণ ২০২২-২০২৩ | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.৩] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৩.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |
| | | [১.৪] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৪.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৪ | | | | | | | | | |
| | | [১.৫] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৫.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, নির্বাহী প্রকৌশলী, নওগাঁ পওর বিভাগ, তত্তাবধায়ক প্রকৌশলী, রাজশাহী পওর সার্কেল-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, তত্তাবধায়ক প্রকৌশলী, রাজশাহী পওর সার্কেল হিসাবে নির্বাহী প্রকৌশলী, নওগাঁ পওর বিভাগ-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| নির্বাহী প্রকৌশলী<br>নওগাঁ পওর বিভাগ | তারিখ |
| তত্তাবধায়ক প্রকৌশলী<br>রাজশাহী পওর সার্কেল | তারিখ |

# সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | এডিপি | বার্ষিক উন্নয়ন কর্মসূচি |
| ২ | পাসম | পানি সম্পদ মন্ত্রণালয় |
| ৩ | বাপাউবো | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড |

## সংযোজনী- ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.১] নদী তীরে ভাঙ্গন প্রতিরোধ | [১.১.১] নদী তীর সংরক্ষণ | পানি উন্নয়ন বোর্ড/ প্রকল্প সংশ্লিষ্ট জোন/ প্রকল্প সংশ্লিষ্ট সার্কেল/ প্রকল্প সংশ্লিষ্ট বিভাগ/ সংশ্লিষ্ট প্রকল্প ব্যবস্থাপনা দপ্তর | Project Steering Committee (PSC) ও Project Implementation Committee (PIC) এর সভার কার্যবিবরণী, পরিচালন বাজেটের আওতায় সম্পাদিত কাজের ক্ষেত্রে সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র |
| [১.২] নদ-নদীর নাব্যতা বৃদ্ধি, তীরবর্তী জনপদে বন্যার প্রকোপ হ্রাস এবং নদীতে জাগ্রত ডুবোচর অপসারণ নদী তীরে ভাঙ্গান ঝুঁকি হ্রাস কল্পে নদী ড্রেজিং/পুনঃখনন | [১.২.১] ড্রেজারের মাধ্যমে নদী পুনঃখনন | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড/ প্রকল্প সংশ্লিষ্ট জোন/ প্রকল্প সংশ্লিষ্ট সার্কেল/ প্রকল্প সংশ্লিষ্ট বিভাগ/ সংশ্লিষ্ট প্রকল্প ব্যবস্থাপনা দপ্তর | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র, Project Steering Committee (PSC)ওProject Implementation Committee (PIC)এর সভার কার্যবিবরণী, পরিচালন বাজেটের আওতায় সম্পাদিত কাজের ক্ষেত্রে সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র |

# সংযোজনী ৩: অন্য অফিসের সাথে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| নদ-নদীর নাব্যতা বৃদ্ধি, তীরবর্তী জনপদে বন্যার প্রকোপ হ্রাস এবং নদীতে জাগ্রত ডুবোচর অপসারণ নদী তীরে ভাঙ্গন ঝুঁকি হ্রাস কল্পে নদী ড্রেজিং/পুনঃখনন | ড্রেজারের মাধ্যমে নদী পুনঃখনন | জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ | নদী/খাল খননের এলাইনমেন্টে অবৈধ দখল/স্থাপনা থাকলে তা উচ্ছেদ না করা পর্যন্ত কাজ পরিচালনা করা যায়না।নদী/খাল খননের নির্ধারিত এলাইনমেন্টে অবৈধ দখল/স্থাপনা মোবাইল কোর্ট পরিচালনার মাধ্যমে যথাদ্রুত ও নিয়মিত উচ্ছেদের জন্য জেলা প্রশাসন হতে নির্বাহী ম্যাজিস্ট্রেট ও পুলিশ ফোর্স প্রয়োজন হবে। এ বিষয়ে বাপাউবো হতে জেলা প্রশাসন ও জেলা পুলিশের সাথে পত্র যোগাযোগ, জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভা এবং জেলা পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটির সভা প্রভৃতি উপায়ে |
| নদী তীরে ভাঙ্গন প্রতিরোধ | নদী তীর সংরক্ষণ | জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ | নদী/খাল খননের এলাইনমেন্টে অবৈধ দখল/স্থাপনা থাকলে তা উচ্ছেদ না করা পর্যন্ত কাজ পরিচালনা করা যায়না।নদী/খাল খননের নির্ধারিত এলাইনমেন্টে অবৈধ দখল/স্থাপনা মোবাইল কোর্ট পরিচালনার মাধ্যমে যথাদ্রুত ও নিয়মিত উচ্ছেদের জন্য জেলা প্রশাসন হতে নির্বাহী ম্যাজিস্ট্রেট ও পুলিশ ফোর্স প্রয়োজন হবে। এ বিষয়ে বাপাউবো হতে জেলা প্রশাসন ও জেলা পুলিশের সাথে পত্র যোগাযোগ, জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভা এবং জেলা পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটির সভা প্রভৃতি উপায়ে |
| নদ-নদীর নাব্যতা বৃদ্ধি, তীরবর্তী জনপদে বন্যার প্রকোপ হ্রাস এবং নদীতে জাগ্রত ডুবোচর অপসারণ নদী তীরে ভাঙ্গন ঝুঁকি হ্রাস কল্পে নদী ড্রেজিং/পুনঃখনন | ড্রেজারের মাধ্যমে নদী পুনঃখনন | বন বিভাগ | বাঁধ ও অবকাঠামো নির্মাণ/ মেরামতের জন্য বন বিভাগ রোপিত বৃক্ষের অপসারণ প্রয়োজন হতে পারে। বাঁধ নির্মাণ/ মেরামতের পর বন বিভাগ হতে চারা গাছ সংগ্রহ করে পরিকল্পিতভাবে পুনরায় বনায়ন করা হবে। গাছ কাটা ও নতুন চারা গাছ সংগ্রহের বিষয়ে বাপাউবো হতে জেলা পর্যায়ে বন বিভাগেরসংশ্লিষ্ট দপ্তরে পত্র যোগাযোগ, জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভা এবং জেলা পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটির সভা প্রভৃতি উপায়ে কার্যক্রমের সমন্বয় করা হবে। |
| নদী তীরে ভাঙ্গন প্রতিরোধ | নদী তীর সংরক্ষণ | বন বিভাগ | বাঁধ ও অবকাঠামো নির্মাণ/ মেরামতের জন্য বন বিভাগ রোপিত বৃক্ষের অপসারণ প্রয়োজন হতে পারে। বাঁধ নির্মাণ/ মেরামতের পর বন বিভাগ হতে চারা গাছ সংগ্রহ করে পরিকল্পিতভাবে পুনরায় বনায়ন করা হবে। গাছ কাটা ও নতুন চারা গাছ সংগ্রহের বিষয়ে বাপাউবো হতে জেলা পর্যায়ে বন বিভাগেরসংশ্লিষ্ট দপ্তরে পত্র যোগাযোগ, জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভা এবং জেলা পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটির সভা প্রভৃতি উপায়ে কার্যক্রমের সমন্বয় করা হবে। |
| নদ-নদীর নাব্যতা বৃদ্ধি, তীরবর্তী জনপদে বন্যার প্রকোপ হ্রাস এবং নদীতে জাগ্রত ডুবোচর অপসারণ নদী তীরে ভাঙ্গন ঝুঁকি হ্রাস কল্পে নদী ড্রেজিং/পুনঃখনন | ড্রেজারের মাধ্যমে নদী পুনঃখনন | সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় (সড়ক ও জনপথ অধিদপ্তর)/ স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন মন্ত্রণালয় (স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর)/ রেলপথ মন্ত্রণালয় (বাংলাদেশ রেলওয়ে) | যে সকল ব্রীজের ফাউন্ডেশন ট্রীটমেন্ট প্রয়োজন হবে তা সম্পাদন না করে তার উজান হতে ভাটি নদী/খাল খনন করা যাবে না। যে সকল নদী/খাল খনন প্রকল্পে ব্রীজের ফাউন্ডেশন ট্রীটমেন্টের সংস্থান রয়েছে, উক্ত ব্রীজের নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের পরামর্শক্রমে বাপাউবো নিজে বা উক্ত কর্তৃপক্ষের মাধ্যমে ডেপোজিট ওয়ার্ক হিসেবে দ্রুত ব্রীজের ফাউন্ডেশন ট্রীটমেন্ট কাজের বাস্তবায়ন করা যেতে পারে। সে লক্ষ্যে পাসম ও বাপাউবো হতে মন্ত্রণালয়/সংস্থা পর্যায়ে পত্র যোগাযোগ, আন্তঃমন্ত্রণালয় সভা প্রভৃতি উপায়ে কার্যক্রমের সমন্বয় করা হবে। |
| নদী তীরে ভাঙ্গন প্রতিরোধ | নদী তীর সংরক্ষণ | সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় (সড়ক ও জনপথ অধিদপ্তর)/ স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন মন্ত্রণালয় (স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর)/ রেলপথ মন্ত্রণালয় (বাংলাদেশ রেলওয়ে) | যে সকল ব্রীজের ফাউন্ডেশন ট্রীটমেন্ট প্রয়োজন হবে তা সম্পাদন না করে তার উজান হতে ভাটি নদী/খাল খনন করা যাবে না। যে সকল নদী/খাল খনন প্রকল্পে ব্রীজের ফাউন্ডেশন ট্রীটমেন্টের সংস্থান রয়েছে, উক্ত ব্রীজের নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের পরামর্শক্রমে বাপাউবো নিজে বা উক্ত কর্তৃপক্ষের মাধ্যমে ডেপোজিট ওয়ার্ক হিসেবে দ্রুত ব্রীজের ফাউন্ডেশন ট্রীটমেন্ট কাজের বাস্তবায়ন করা যেতে পারে। সে লক্ষ্যে পাসম ও বাপাউবো হতে মন্ত্রণালয়/সংস্থা পর্যায়ে পত্র যোগাযোগ, আন্তঃমন্ত্রণালয় সভা প্রভৃতি উপায়ে কার্যক্রমের সমন্বয় করা হবে। |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| নদ-নদীর নাব্যতা বৃদ্ধি, তীরবর্তী জনপদে বন্যার প্রকোপ হ্রাস এবং নদীতে জাগ্রত ডুবোচর অপসারণ নদী তীরে ভাঙ্গান ঝুঁকি হ্রাস কল্পে নদী ড্রেজিং/পুনঃখনন | ড্রেজারের মাধ্যমে নদী পুনঃখনন | পরিকল্পনা কমিশন/ অর্থ বিভাগ | প্রাপ্ত বরাদ্দের একটি নির্দিষ্ট অংশের অর্থছাড় স্থগিত রাখা হলে লক্ষ্যমাত্রা অনুযায়ী কাজের বাস্তবায়ন সম্ভব নয়। সে লক্ষ্যে বাপাউবো হতে পাসমের মাধ্যমে পত্র যোগাযোগ, সভা প্রভৃতি উপায়ে চাহিদা মাফিক বরাদ্দ প্রাপ্তি ও প্রাপ্ত বরাদ্দের সমুদয় অর্থছাড় কার্যক্রমের সমন্বয় করা হবে। |
| নদী তীরে ভাঙ্গন প্রতিরোধ | নদী তীর সংরক্ষণ | পরিকল্পনা কমিশন/ অর্থ বিভাগ | প্রাপ্ত বরাদ্দের একটি নির্দিষ্ট অংশের অর্থছাড় স্থগিত রাখা হলে লক্ষ্যমাত্রা অনুযায়ী কাজের বাস্তবায়ন সম্ভব নয়। সে লক্ষ্যে বাপাউবো হতে পাসমের মাধ্যমে পত্র যোগাযোগ, সভা প্রভৃতি উপায়ে চাহিদা মাফিক বরাদ্দ প্রাপ্তি ও প্রাপ্ত বরাদ্দের সমুদয় অর্থছাড় কার্যক্রমের সমন্বয় করা হবে। |

# সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ